

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা  
[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

তারিখ: ১৮ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ  
প্রেস বিজ্ঞপ্তি

## ASYCUDA World সিস্টেমে Truck Movement সাব-মডিউল চালু করেছে NBR

ভারত থেকে আমদানিকৃত প্রতিটি পণ্যবাহী ট্রাকের প্রবেশ এবং খালি ট্রাকের ফেরত সংক্রান্ত তথ্য ইলেকট্রনিকভাবে সংরক্ষণের উদ্দেশ্যে ASYCUDA World সিস্টেমে “Truck Movement” নামক একটি নতুন সাব-মডিউল তৈরি করা হয়েছে। প্রাথমিকভাবে কাস্টমস হাউস, বেনাপোলে এ সাব-মডিউলটির পাইলট কার্যক্রম ১৫ ডিসেম্বর, ২০২৫ তারিখ হতে শুরু হয়েছে। উল্লেখ্য, এর আগে এ ধরনের কার্যক্রম ম্যানুয়াল পদ্ধতিতে পরিচালিত হতো।

### মডিউল চালুর ফলে অর্জিত সুবিধাসমূহঃ

- ভারতীয় প্রতিটি ট্রাকের আগমন ও বহির্গমনের প্রকৃত তথ্য সংরক্ষিত হবে;
- ট্রাকের অবস্থানকাল নির্ণয় করা যাবে;
- প্রতিটি ট্রাক কার্যকরভাবে মনিটরিং করা সম্ভব হবে;
- তথ্য ব্যবস্থাপনা ও রাজস্ব হানি রোধে সহায়ক হবে;
- স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- সীমান্ত সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে;
- রিয়েল-টাইম রিপোর্ট প্রণয়ন করা যাবে।

খুব শীঘ্ৰই দেশের সকল স্থল বন্দরে Truck Movement নামীয় সাব-মডিউলটির লাইভ অপারেশন শুরু করা হবে।

- জাতীয় রাজস্ব বোর্ড